



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/০৭

তারিখ

১৯ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
০২ জানুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬২২ তম কমিশন সভা অদ্য ০২/০১/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. অ্যাডভেন্ট ফার্মা লিমিটেড এর প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ২ (দুই) কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে কমিশন অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ২০ (বিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে যন্ত্রপাতি ক্রয়, ভবন নির্মাণ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নেট অ্যাসেট ভ্যালু (NAV without revaluation) টাকা ১২.৪৫ এবং এবং বিগত ৪টি আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় ভারিত গড় হারে (Weighted average EPS) ০.৯১ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে ইম্পেরিয়াল ক্যাপিটাল লিঃ, আলফা ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ এবং সিএপিএম এডভাইজরি লিঃ।
২. পিএফআই সিকিউরিটিজ লিমিটেড (ডিএসই ও সিএসই ট্রেড নং যথাক্রমে ৭৯ এবং ৯৫) -এ কমিশন কর্তৃক পরিচালিত পরিদর্শন রিপোর্টে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :
 - (ক) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customer Account) -এ ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A(1) লংঘন;
 - (খ) ৫ (পাঁচ) লক্ষ টাকার উপরে নগদ লেনদেনের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8(c) (i) লংঘন;
 - (গ) নন মার্জিনেবল শেয়ারে (P/E Ratio is over 40) মার্জিন ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের আদেশ নং- SEC/CMRRCD/2001-43/42 তাং 15/06/2010 লংঘন;
 - (ঘ) ডিলার হিসাবে ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/51 তাং 22/07/2010 লংঘন; এবং
 - (ঙ) “Z” ক্যাটাগরির শেয়ারে বিনিয়োগকারীকে ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/169 dated 01/10/2009 এবং Margin Rules, 1999 এর Rule 3(12)(d) লংঘন।

উক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন পিএফআই সিকিউরিটিজ লিমিটেডকে ২৫ (পঁচিশ) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. (ক) সিডিও পেট্রোক্যামিকেল রিফাইনারী লিমিটেড (ইস্যুয়ার) এর শেয়ার লেনদেনে কারসাজির মাধ্যমে বিনিয়োগকারী জনাব মোঃ আবদুল্লাহ সিদ্দিকী Securities and Exchange Ordinance, 1969 এর Section 17 (v) ভঙ্গ করেছে। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের কারণে কমিশন আজকের সভায় জনাব মোঃ আবদুল্লাহ সিদ্দিকীকে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
- (খ) সিডিও পেট্রোক্যামিকেল রিফাইনারী লিমিটেড (ইস্যুয়ার) এর শেয়ার লেনদেনে কারসাজির মাধ্যমে বিনিয়োগকারী জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন সিকদার Securities and Exchange Ordinance, 1969 এর Section 17 (v) ভঙ্গ করেছে। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের কারণে কমিশন আজকের সভায় জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন সিকদারকে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


02/01/2018

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।